



আরেকটি খুব সাধারণ ক্ষেত্রে অসাধারণ সুযোগ-সুবিধাসহ আকর্ষণীয় চাকরি পাওয়া যায় এই দেশে, তা হলো ব্যক্তিগত সহকারী ও প্রশাসনিক ব্যবস্থাপক হিসেবে কাজ করার সুযোগ। তবে এ ক্ষেত্রে পর্যাপ্ত অভিজ্ঞতা লাগবে। বাংলাদেশে যাঁরা বিভিন্ন বড় কর্তার ব্যক্তিগত সহকারী হিসেবে অন্তত দু-তিন বছর দায়িত্ব পালন করেছেন, অভিজ্ঞতার সনদপত্রটি নিয়ে সংযুক্ত আরব আমিরাতে চলে আসুন। তবে সাবধান! ভুয়া সনদপত্র বানিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। ধরা পড়তে খুব বেশি সময় লাগবে না। তখন কিন্তু সোজা দেশে ফেরত পাঠিয়ে দেবে।

সবচেয়ে জরুরি কথা হচ্ছে, এ দেশে চাকরি করতে চাইলে ইংরেজি ভাষার ওপর ভালো দখল থাকা চাই। আর যদি আরবি ভাষাটা শিখে নিতে পারেন, তাহলে আপনার প্রত্যাশার চেয়েও অনেক ভালো চাকরি পেয়ে যাবেন। হিন্দি অথবা উর্দু জানা থাকলে অফিস, দোকান, রাস্তায় চলাফেরায় হরহামেশাই কাজে লাগবে। আর বিদেশে যাওয়ার আগে অবশ্যই ড্রাইভিং শিখে নেবেন।

উচ্চশিক্ষিত বা অভিজ্ঞ যাঁরা সংযুক্ত আরব আমিরাতে চাকরি করতে আগ্রহী, তাঁরা নিচের ওয়েবসাইটগুলোতে জীবনবৃত্তান্ত পাঠাতে বা অন্তর্ভুক্ত করতে পারেন এবং অবশ্যই নিয়মিত ওয়েবসাইটগুলো ঘেঁটে দেখবেন। উল্লেখযোগ্য কিছু ওয়েবসাইটের ঠিকানা: [www.charterhouseme.ae](http://www.charterhouseme.ae); [www.bayt.com](http://www.bayt.com); [www.clarendonparker.com](http://www.clarendonparker.com); [www.eim.ae](http://www.eim.ae); [www.jobs-me.com](http://www.jobs-me.com); [www.talentedubai.com](http://www.talentedubai.com); [www.nadia-me.com](http://www.nadia-me.com); [http://careers.du.ae/job/du/home.adp](http://http://careers.du.ae/job/du/home.adp); [www.xpertshr.com](http://www.xpertshr.com); [www.jobtrackme.com](http://www.jobtrackme.com); [www.sosrecruitment.net](http://www.sosrecruitment.net); [www.soundlinesgroup.com](http://www.soundlinesgroup.com); [www.imsgulf.com](http://www.imsgulf.com); [www.bacme.com](http://www.bacme.com); [www.kershawleonard.net](http://www.kershawleonard.net) প্রভৃতি।

যাঁরা উচ্চশিক্ষা নিতে পারেননি কিন্তু দক্ষ শ্রমিক, যেকোনো কারিগরি কাজে এমনকি যদি বিক্রয় প্রতিনিধি হিসেবে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকে, তাহলেও সংযুক্ত আরব আমিরাতে জীবিকা নির্বাহ করার সুযোগ পাবেন। কিন্তু কোনো বিষয়ে দক্ষতা না থাকলে বানানো অভিজ্ঞতার সনদপত্র নিয়ে এ দেশে আসার চিন্তা না করাই ভালো।

আপনি যদি মোটামুটি ভালো চাকরি জুটিয়ে নিতে পারেন, তাহলে আকর্ষণীয় বেতন-ভাতার পাশাপাশি থাকার জন্য অফিসের ব্যবস্থাপনায় চমৎকার ফ্ল্যাট পাবেন। অথবা থাকা-খাওয়া বাবদ যে ভাতা পাবেন, ভালোভাবে চলার পরও কিছু সাশ্রয় করতে পারবেন। যদি কোনো ফ্ল্যাটে সাবলেট থাকেন, বেঁচে যাবে আরও কিছু খরচ। আর কারও সঙ্গে ভাগাভাগিতে থাকার ব্যবস্থা করে নিতে পারলে তো কথাই নেই; আয়ের প্রায় পুরোটাই সঞ্চয় করতে পারবেন। এ দেশে থাকার জন্য অর্ধেক বিছানাও ভাড়া পাওয়া যায়।

সংযুক্ত আরব আমিরাতে মুদ্রার নাম দিরহাম। এক দিরহাম বাংলাদেশি প্রায় ১৯ টাকা। তার মানে এ দেশে আয়-ব্যয়ের পর হাতে যা দিরহাম থাকবে, বাংলাদেশে নিয়ে যেতে পারবেন তার ১৯ গুণ টাকা।

রাজিব আহমেদ : পেশাবিষয়ক বইয়ের লেখক



